গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
প্রশাসন শাখা

জাতীয় শোক দিবস, ২০২১ পালন উপলক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক<br>পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ১২/০৭/২০২১ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | জুম প্লাটফর্মে |
| উপস্থিতি | পরিশিস্ট “ক” |

আগামী ১৫ আগস্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২১ পালন উপলক্ষ্যে কর্মসূচি চুড়ান্তকরণের লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ১২/০৭/২০২১ তারিখে জুম অনলাইন প্লাটফর্মে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সিনিয়র কর্মকর্তাবৃন্দ ও আঞ্চলিক অফিস প্রধানগন উপস্থিত ছিলেন। সভায় পরিচালক মহোদয় জাতীয় শোক দিবস ২০২১ পালনে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং আঞ্চলিক অফিসগুলোর করনীয় বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন এবং পরবর্তীতে আঞ্চলিক অফিস প্রধানগন স্থানীয় পর্যায়ে জাতীয় শোক দিবস ২০২১ পালনে মতামত প্রদান করেন।

**আলোচনাপূর্বক সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১. জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে জুম অনলাইন প্লাটফর্মে একটি আলোচনা সভা আয়োজন করতে হবে।

২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে বর্তমান করোনা পরিস্থিতিতে দেশের হতদরিদ্র মানুষের মাঝে খাদ্যদ্রব্য বিতরন করতে হবে। দপ্তরের চলমান “পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ-পর্যটন ভিত্তিক সমন্বিত পরিকল্পনা প্রনয়ন প্রকল্প” এবং “নয়টি উপজেলা সমন্বিত উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের পাইলট প্রকল্প” এর প্রকল্প পরিচালকগন স্ব স্ব প্রকল্প হতে হতদরিদ্র মানুষের মাঝে খাদ্যদ্রব্য বিতরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩. বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী প্রধান কার্যালয় ও আঞ্চলিক অফিসগুলোতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. জাতির পিতার শাহাদত বার্ষিকী, বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী এবং করোনা পরিস্থিতিতে জনগনের সচেতনতা বৃদ্ধি বিষয়গুলোর সমন্বয়ে ব্যানার প্রস্তুত ও টানানোর ব্যবস্থা করতে হবে।

৫. জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আগস্ট মাস জুড়ে নগর উন্নয়ন অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদের কালো ব্যাজ ধারন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. এছাড়াও মন্ত্রী পরিষদ বিভাগ এবং গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয়ের জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত সভার

সিদ্ধান্ত মোতাবেক নির্দেশনাসমূহ প্রতিপালন করতে হবে।

ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক
পরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.২৩.০০১.১৭.৬১১

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮
০২ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-২) (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
২) উপসচিব, প্রশাসন শাখা-৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৩) সিনিয়র কর্মকর্তাবৃন্দ, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
৪) সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর
৫) প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ
৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

Israt Jahan

ইসরাত জাহান
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা